ক্ষমতায় গেলে জনগণকে অন্ধকারে রাখবে না জামায়াত: ডা. শফিকুর রহমান



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামী ক্ষমতায় এলে জনগণকে অন্ধকারে রেখে কোনো সিদ্ধান্ত নেবে না বলে জানিয়েছেন দলের আমির ডা. শফিকুর রহমান। কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে পরামর্শ করা হবে এবং সর্বজনীন স্বার্থ বিবেচনায় রাখা হবে, তিনি বলেন।

আজ মঙ্গলবার (২ ডিসেম্বর) শেওড়াপাড়ায় একটি রেস্টুরেন্টে ঔষধ ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় সভায় ডা. শফিকুর রহমান এসব মন্তব্য করেন। তিনি বলেন, দুর্নীতিমুক্ত সমাজ গড়ে তোলার ক্ষেত্রে ধনী-গরিব সবাই উপকৃত হবে। অব্যবস্থাপনার বিরুদ্ধে জামায়াতের দৃঢ় অবস্থান ভবিষ্যতেও বজায় থাকবে বলেও তিনি জানান।

সভায় তিনি ওষুধ ব্যবসায়ীদের কাছ থেকে অবৈধ সুবিধা নেওয়া কিছু চিকিৎসক মানুষের সঙ্গে প্রতারণা করছেন বলে উল্লেখ করেন। তবে বাংলাদেশি চিকিৎসকদের জন্য হালাল উপায়ে জীবিকা নির্বাহের যথেষ্ট সুযোগ রয়েছে বলেও আশ্বস্ত করেন তিনি। একসময় দেশের ওষুধ শিল্প বিদেশিদের ওপর নির্ভরশীল হলেও, বর্তমানে বাংলাদেশের ওষুধ বহু দেশে রপ্তানি হচ্ছে।

ডা. শফিকুর রহমান আরও বলেন, জামায়াত ইনসাফের ভিত্তিতে আগামীর বাংলাদেশ গড়ে তুলতে চাইছে, যেখানে সব নাগরিক সমানভাবে সুযোগ সুবিধা ভোগ করবেন।